

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. বসে সালাত আদায় করা

باب فِي صلَاةِ الْقَاعِدِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ بُرَيْدَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّهُ سَأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنْ صلَاةِ الرَّجُلِ قَاعِدًا فَقَالَ " صلَلاتُهُ قَائِمًا أَفْضلَلُ مِنْ صلَلاتِهِ قَائِمًا وَصلَلاتُهُ قَاعِدًا عَلَى النِّصنْفِ مِنْ صلَلاتِهِ قَائِمًا وَصلَلاتُهُ فَاعِدًا " نَائِمًا عَلَى النِّصنْفِ مِنْ صلَلاتِهِ قَائِمًا وَصلَلاتُهُ نَائِمًا عَلَى النِّصنْف مِنْ صلَلاتِهِ قَاعِدًا "

\_ صحيح : خ

#### বাংলা

৯৫১। 'ইমরান ইবনুল হুসাইন (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কারো বসে সালাত আদায় সম্পর্কে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, তার বসে সালাত আদায়ের চাইতে দাড়িয়ে সালাত আদায় উত্তম। তার বসে সালাত আদায় দাঁড়িয়ে সালাত আদায়ের অর্ধেক এবং তার শুয়ে সালাত আদায় বসে সালাত আদায়ের অর্ধেক।[1]

সহীহ: বুখারী।

## **English**

'Abd Allah b. Buraidah said:

'Imran b. Hussain asked the prophet (ﷺ) about the prayer a man offers in sitting condition. He replied: his prayer in standing condition is better than his prayer in sitting condition, and his prayer in sitting condition is half the prayer he offers in standing condition, and his prayer in lying condition is half the prayer he offers in sitting condition.



## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত ক্বাসর করা, অনুঃ উপবিষ্ট ব্যক্তির সালাত, হাঃ ১১১৫), তিরমিযী (অধ্যায় : আবওয়াবুস সালাত, অনুঃ বসে সালাত আদায়কারী দাঁড়িয়ে সালাত আদায়কারীর অর্ধেক সওয়াব পাবে, হাঃ ৩৭১), ইবনু মাজাহ (অধ্যায়: সালাত ক্বায়িম, অনুঃ বসে সালাত আদায়কারী দাঁড়িয়ে সালাত আদায়কারীর অর্ধেক সওয়াব পাবে, হাঃ ১২৩১), নাসায়ী (অধ্যায় : ক্বিয়ামুল লাইল, অনুঃ বসে সালাত আদায়ের ফাযীলাত, হাঃ ১৬৫৯)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু ভ্সায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন